শারদীয় দূর্গাপুজা উপলক্ষে মেহেরপুর জেলা পুলিশের মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ সুষ্ঠু-সুন্দর ভাবে উদযাপন এবং সার্বিক নিরাপত্তার পরিকল্পনা নিয়ে মেহেরপুর জেলা পুলিশের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যা সাতটায় মেহেরপুর জেলা পুলিশের আয়োজনেপুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বিভিন্ন পূজা মণ্ডপের প্রতিনিধিদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সময় পুলিশ সুপার আসন্ন শারদীয় দূর্গাপুজা কিভাবে সুষ্ঠু, সুন্দর এবং উৎসবমূখর পরিবেশে অনুষ্ঠিত হতে পারে সে বিষয়ে পূজা উদযাপন কমিটির সদস্যদের সাথে মতবিনিময় করেন এবং জেলা পুলিশের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে পুলিশ ও পূজা উদযাপন কমিটিকে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

পুলিশ সুপার মেহেরপুর মোঃ রাফিউল আলমের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামরুল আহসান, অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল আবদুল করিম, সদর, গাংনী ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জগণ। বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক সনজিত পাল বাপ্পি, সদর উপজেলার সাধারণ সম্পাদক মঙ্গল চন্দ্র বিশ্বাস, পৌর কমিটির সভাপতি বিশ্বনাথ সাহা, সাধারণ সম্পাদক তরুণ কুমার বিশ্বাস, গাংনী উপজেলা শাখার সহ-সভাপতি সুকেশ চন্দ্র বিশ্বাস, সাধারণ সম্পাদক মহাদেব চন্দ্র দাস, মুজিবনগর উপজেলা সভাপতি ধীরেন হালদার, প্রমুখ।

শারদীয় দুর্গা পূজা উপলক্ষে আলোচনা সভা

আসন্ন শারদীয় দুর্গা পূজা উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

মঙ্গলবার বিকেলে মেহেরপুরের শ্রী শ্রী হরিসভা মন্দিরে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

শ্রীযুক্ত বাবু কিশোর কুমার পাত্রের সভাপতিত্বে উজ্জল কর্মকার এর পরিচালনায় শাশ্বত নিপ্পনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন হরিসভা মন্দিরের সভাপতি ডঃ অলোক কুমার দাস, শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দিরের সাধারণ সম্পাদক কাজল দত্ত, নায়েব বাড়ি পূজা উদযাপন কমিটির সভাপতি শ্রী চিত্তরঞ্জন সাহা, মহা শ্মশানের সাধারান সম্পাদক তপন সাহা, মেহেরপুর পূজা উদযাপন পরিষদের সদস্য অ্যাডভোকেট মিনা পাল, গাংনী উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি দিজেন্দ্রনাথ বিশ্বাস নাড়ু,

মুজিবনগর উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি এবং সাধারণ সম্পাদক ও সাহারবাটি পূজা যখন কমিটির সভাপতি উপস্থিত ছিলেন।